দৈনিক ইত্তেফাক

তারিখ 10 MAR 1988
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

০৪

# মাতৃভাষার সমৃদ্ধির ক্ষেত্রে ইংরেজী ভাষা শিক্ষা সহায়ক হইবে

## —ভাইস প্রেসিডেন্ট

বাসস জানায়, ভাইস প্রেসিডেন্ট এ, কে, এম নুরুল ইসলাম আধুনিক বিশ্ব বিশেষ করিয়া বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির সহিত তাল মিলাইয়া চলার জন্য যথাযথভাবে ইংরেজী শিক্ষার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করিয়াছেন।

( ৪থ পৃ: দ্র: )

ভাইস প্রেসিডেন্ট

( ৩য় পৃ: পর )

তিনি গত (বৃহস্পতিবার) বাংলাদেশ ইংরেজী ভাষা শিক্ষক সমিতি আয়োজিত 'বাংলাদেশে ইংরেজী ভাষার গুরুত্ব' শীর্ষক তিন দিনব্যাপী সেমিনার উদ্বোধন করেন। তিনি বলেন, ইংরেজী ভাষা শিক্ষার ফলে মাতৃভাষার সমৃদ্ধি অর্জনের ক্ষেত্রে কোনরূপ ক্ষতি হইবে না। বরং মাতৃভাষার সমৃদ্ধির ক্ষেত্রে ইহা সহায়ক ভূমিকা পালন করিবে।

ভাইস প্রেসিডেন্ট বলেন, ইংরেজী ভাষার গুরুত্ব অনুধাবন করিয়া সরকার প্রথম শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজীকে একটি বাধ্যতামূলক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছেন।

জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সমিতির সভাপতি ডঃ এম, এন হকও বক্তৃতা করেন।